



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৮

২৬ জুলাই ২০২২

তারিখঃ -----

১১ শ্রাবণ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## বিদ্যুৎ ও জ্বালানির ব্যয় সাশ্রয়/হ্রাসকরণ প্রসঙ্গে।

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০২২ পঞ্জিকা বছরের অবশিষ্ট ০৬ মাস (জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২) এবং ২০২৩ পঞ্জিকা বছরের প্রথম ০৬ মাস (জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩) সময়ে ব্যাংকসমূহের ব্যয়ে কৃষ্ণ সাধন এবং বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে নিম্নবর্ণিত বিষয়াদি যথাযথভাবে পরিপালনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

ক) জ্বালানি (পেট্রোল, ডিজেল, গ্যাস ইত্যাদি), ওয়েল ও লুব্রিকেন্ট এর বরাদ্দকৃত অর্থ হতে ব্যয় ন্যূনতম ২০ শতাংশ সাশ্রয় করতে হবে। এ লক্ষ্যে চলতি বছরের অবশিষ্ট ০৬ মাসে ১০ শতাংশ এবং ২০২৩ পঞ্জিকা বছরের প্রথম ০৬ মাসে ১০ শতাংশ হ্রাস করতে হবে।

খ) বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের ২৫ শতাংশ সাশ্রয় করতে হবে। এ লক্ষ্যে চলতি বছরের অবশিষ্ট ০৬ মাসে এবং ২০২৩ পঞ্জিকা বছরের প্রথম ০৬ মাসে আনুপাতিক হারে ব্যয় হ্রাস করতে হবে।

গ) সাশ্রয়কৃত অর্থ অন্য কোন খাতে বরাদ্দ বা ব্যয় করা যাবে না।

২। পূর্বোক্ত অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে ব্যয় হ্রাস সংক্রান্ত তথ্য ও দলিলাদি ব্যাংকের প্রধান কার্যালয়ে সংরক্ষণ করতে হবে এবং সংশ্লিষ্ট ব্যাংক পরিদর্শনকালে নিরীক্ষার নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের পরিদর্শকগণের চাহিদার প্রেক্ষিতে সরবরাহ করতে হবে।

৩। উপরোক্ত নির্দেশনার ক্ষেত্রে জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত সময় এর ব্যয়িত অর্থ ডিসেম্বর/২০২২ এর আর্থিক বিবরণী এবং জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত সময় এর ব্যয়িত অর্থ ডিসেম্বর/২০২৩ এর আর্থিক বিবরণীতে প্রতিফলিত হতে হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২